



Worksheet-5

Subject: Bengali

শ্রেণী সপ্তম

Date: 07-May-20

পাঠ - গল্প - লালু - শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
প্রশ্ন পত্র (তৃতীয় অংশ)

বহু বিকল্প ভিত্তিক প্রশ্নাবলী:

(১×১৫=১৫)

১/বিষ্ণু পণ্ডিতের স্ত্রীকে নিয়ে তারা কোন নদীর তীরে শ্মশানে এসেছিল?

- (i) গঙ্গা (ii) যমুনা
(iii) ইচ্ছামতী (iv) ভাগীরথী

২/তারা যখন শ্মশানে এসে পৌঁছেছে তখন কটা বাজে?

- (i) রাত দুটো (ii) রাত একটা
(iii) রাত বারোটা (iv) রাত তিনটে

৩/গঙ্গা থেকে শ্মশান কত দূরে অবস্থিত ছিল?

- (i) প্রায় তিন ক্রোশ (ii) প্রায় চার ক্রোশ
(iii) প্রায় পাঁচ ক্রোশ (iv) প্রায় ছয় ক্রোশ

৪/কে মরার খাট ধরে মাটিতে বসেছিল?

- (i) নুরু (ii) মনি
(iii) গোপাল খুড়ো (iv) লালু

৫/"_____ পরিস্ফুট জ্যোৎস্নায় বালুময় বহুদূর বিস্তৃত।" কোন দিনের কথা বলা হয়েছে?

- (i) শুক্লা দ্বাদশী (ii) পঞ্চমী
(iii) ত্রয়োদশী (iv) ভূত চতুর্দশী

৬/শ্মশানটা অত্যন্ত _____ ছিল -

- (i) জনহীন (ii) জনবহুল
(iii) সাজানো (iv) সুন্দর

৭/ডোমদের বাড়ি কত দূরে?

- (i) আধ ক্রোশ (ii) এক ক্রোশ
(iii) দুই ক্রোশ (iv) তিন ক্রোশ

৮/"লক্ষণ ভালো ঠেকছে নারে "কে বলেছিল?

- (i) গোপাল খুড়ো (ii) লালু
(iii) ডাক্তারবাবু (iv) বিষ্ণু পণ্ডিত

৯/"লক্ষণ ভালো ঠেকছে নারে "কেন এমন মনে হয়েছিল ?

- (i) কলেরা দেখা দিয়েছে বলে (ii) বিষ্ণু পণ্ডিতের স্ত্রী অসুস্থ বলে
(iii) বৃষ্টি হতে পারে বলে (iv) মরা নড়ছে বলে

১০/মালীদের ঘর কোথায় রয়েছে ?

- (i) গঙ্গার পশ্চিম পাড়ে (ii) ডোমদের বাড়ির কাছে
(iii) সামনে বট গাছের তলায় (iv) ঠাকুরবাড়ির আমবাগানে

১১/কতক্ষন পর বৃষ্টি থামল ?

- (i) এক ঘন্টা পর (ii) দেড় ঘন্টা পর
(iii) আধঘন্টা পর (iv) দুই ঘন্টা পর

১২/শব দাহের উপকরণ কিসের সাহায্যে নিয়ে আসা হলো?

- (i) ঘোড়ার গাড়ি (ii) হাতে করে
(iii) গরুর গাড়ি (iv) গাছ থেকে ডাল ভেঙে

১৩/"কিন্তু লালু এখনো ফিরল না" কে এ কথা বলেছিল?

- (i) নরু (ii) গোপাল খুড়ো
(iii) বিষ্ণু পন্ডিত (iv) মনি

১৪/লালুর কি কাজ ছিল

- (i) মুখে আগুন দেওয়া (ii) মরা নিয়ে বসে থাকা
(iii) মরা পোড়ানো (iv) গঙ্গা স্নান করা

১৫/গোপাল খুড়ো কতগুলো মরা পুড়িয়েছিল?

- (i) একশত টা (ii) পাঁচশত টা
(iii) হাজারটা (iv) দেড় হাজার টা

Teacher's Name: Antara Ghosh